

### ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য বাস্কব কর্মসূচীতে বরগুনা জেলাধীন বরগুনা সদর উপজেলার ১নং বদরখালী ইউনিয়নের খলিফাবান্দা বিক্রয় কেন্দ্রে ০১ (এক) জন ডিলার নিয়োগ করা হবে। আহ্বী প্রার্থীগণকে নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগামী ১০/০৮/২০২২খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বরগুনা সদর বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। আবেদনের সাথে নাগরিকত্বের সনদ পত্র, ট্রেড লাইসেন্স, ব্যাংক কর্তৃক আর্থিক সচ্ছলতার সনদ পত্র, দোকান ঘর মালিকানা/ভাড়ার প্রমাণপত্র, সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্রের কপি সংযুক্ত করতে হবে।

### শর্তাবলী

- ১) দোকানের মেঝে অবশ্যই পাঁকা হতে হবে এবং খাদ্য শস্য নিরাপদ ও স্বাস্থ্য সম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
- ২) খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকা ভুক্ত, বাতিলকৃত বা সাময়িক বরখাস্তকৃত কিংবা আদালত কর্তৃক শাস্তি প্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান আবেদন করলে তা বাতিল বলে গণ্য হবে।
- ৩) একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচীতে ডিলার হতে পারবেন না।
- ৪) আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল ও খাদ্য শস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- ৫) আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনের) মেঃ টনঃ খাদ্য শস্য সংরক্ষণের সু-ব্যবস্থা থাকতে হবে।
- ৬) কোন সরকারী কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ৭) নির্বাচিত ডিলারকে ২০,০০০/- (বিশ) হাজার টাকা পে-অর্ডার আকারে ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে এবং ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প অংগীকার নামা প্রদান করতে হবে।
- ৮) নিয়োগ প্রাপ্ত ডিলারকে খাদ্য বিভাগ কর্তৃক লাইসেন্স গ্রহন করতে হবে।

  
(সমীর কুমার রায়)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অঃদাঃ)

বরগুনা সদর, বরগুনা।

তারিখঃ ১০/০৮/২০২২ খ্রি:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরগুনা।
- ৪। উপজেলা -----কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা।
- ৫। চেয়ারম্যান, -----ইউনিয়ন পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
- ৬। নোটিশ বোর্ড, -----
- ৭। অফিস কপি।

  
১০/০৮/২২

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
বরগুনা সদর, বরগুনা।